



তথ্যবিবরণী

নম্বর-২০৫

## রাজশাহীতে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচি

রাজশাহী; ০৫ ফাল্গুন (১৮ ফেব্রুয়ারি):

আগামী শুক্রবার ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাঙালি জাতির ইতিহাসে এক ঐতিহাসিক দিন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন নানা কর্মসূচি গ্রহণ করেছে।

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) সকাল দশটায় জেলা শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী কার্যালয়ে শিশুদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ছড়া পাঠ এবং কবিতা পাঠ অনুষ্ঠিত হবে। ২১ ফেব্রুয়ারি দিবসের শুরুতে (২০ ফেব্রুয়ারি দিবাগত রাত) বারোটা এক মিনিটে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর শহিদ মিনারে ভাষা শহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠানের ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করবে।

সকাল এগারোটায় জেলা শিল্পকলা একাডেমিতে 'জাতীয় জীবনে একুশের চেতনা' শীর্ষক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

এদিন বাদ যোহর ভাষা শহিদদের আত্মার শান্তি কামনা করে সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধামত সময়ে সকল মন্দির ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে।

সন্ধ্যায় জেলা তথ্য অফিস মহানগরের গুরুত্বপূর্ণ স্থানে ভ্রাম্যমাণ সংগীতানুষ্ঠান ও চলচ্চিত্র প্রদর্শন করবে।

এদিন রাজশাহী মহানগরীর সড়কদ্বীপ ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানসমূহে বাংলা বর্ণমালা সংবলিত ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১২.২০ঘ.